স্বর্গীয় সতীশচন্দ্র সরকার মহাশয়ের প্রতিষ্ঠিত

**হ্যানিম্যান হল**

মুর্শিদাবাদ জেলার আদি ও শ্রেষ্ঠতম হোমিও প্রতিষ্ঠান

হোমিওপ্যাথিক ও বাইওকেমিক ঔষধ কলিকাতার দরে বিক্রয় হয়। পাইকারী গ্রাহকদের বিশেষ সুযোগ ও সুবিধা দেওয়া হয় আমরা যত্নের সহিত ভি. পি. যোগে মফঃস্বলে ঔষধ সরবরাহ করি।

হোমিও পেটেণ্ট **"আইওলিন"**

চক্ষু ওঠায় ফল সুনিশ্চিত।

**হ্যানিম্যান হল,** খাগড়া, মুর্শিদাবাদ

বিঃ দ্রঃ—কোন ব্রাঞ্চ নাই।

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

**বহরমপুর এক্সরে ক্লিনিক**

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৫০শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১১ই চৈত্র বুধবার ১৩৭০ ইংরাজী 25th Mar. 1964 { ৪১শ সংখ্যা



সকল ঘরের তরে...

**দীপ্তি লণ্ঠন**

ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ১১, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

C. P. Seavr

**রান্নায় আনন্দ**

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলো, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।



PATENT NO. 

**খাস জনতা**

কেরোসিন কুকার

রূপের চাকচিক্য ও নিপুণতা আধার।

প্রস্তুতকারকঃ

দি ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ

৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

KALPANA O. M.

**অমিয় মেডিক্যাল কোম্পানী, অরঙ্গাবাদ**

সুবিধা দরে ঔষধ পাইবার একমাত্র প্রতিষ্ঠান। বিঃ দ্রঃ—জঙ্গিপুর মহকুমার খ্যাতনামা চিকিৎসক ডাঃ গৌরীপতি চট্টোপাধ্যায়, এম-বি-বি-এস, ডি-টি-এম (কলিঃ), ডি-জি-ও (ডবলিন), ডি-ও (লণ্ডন) প্রতি বুধবার আমাদের ফার্ম্মেসীতে আসিয়া রোগী দেখিয়া থাকেন। জিয়াগঞ্জ মহিলা হাসপাতালের যাবতীয় ঔষধ পাইবেন।

বিনীত—অমিয়কুমার দাস।

সবচেয়ে সুবিধায় বই কিনতে হ'লে

জনপ্রিয় প্রতিষ্ঠান ষ্টুডেন্টস্-ফেভারিট-এ আসুন।

আমাদের বিশেষত্ব :— রঘুনাথগঞ্জ (বাস ষ্ট্যাণ্ড)

- এক সঙ্গে সেট বই সরবরাহ করা
- শিক্ষক ও ছাত্র-ছাত্রীদের নানাবিধ সুবিধা দেওয়া
- ছাত্র-ছাত্রীদের উপযুক্ত পাঠ্য ও অর্থপুস্তক নির্বাচনে সহায়তা করা
- আমাদের সততায় সকলের সহানুভূতি লাভ করা।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

১১ই চৈত্র বুধবার সন ১৩৭০ সাল।

# কন্যাদায়

—০—

বাংলা দেশে বরপণ গ্রহণ ব্যাপার একটা জঘন্য নৃশংস অত্যাচারের মধ্যে গিয়া দাঁড়াইয়াছে। যে দেশের মধ্যবিত্ত শিক্ষিত লোকে মাথার ঘাম পায়ে ফেলিয়া ও কলম পিষিয়া পেটের ভাত পরনের কাপড় স্বচ্ছন্দে যোগাড় করিতে পারে না সে দেশে কন্যাকে যেন তেন প্রকারেণ দু'তিন হাজার টাকা অন্ততঃ দিয়া বরের হাতে সমর্পণ করা যে কি ভীষণ ব্যাপার তাহা যে ভুক্তভোগী সেই জানে। মরণের চেয়েও তাই কন্যাদায় আজ দেশে ভীষণ হইয়া দাঁড়াইয়াছে। অভাবের জ্বালায় সুস্থচিত্তে কেহই এখন পুত্রকন্যা কামনা করে না। কন্যাতো নহেই। কিন্তু অন্তরের একান্ত অনিচ্ছায়ও বিধাতার বিধান নড়ে না। কন্যা হইলে সে পিতামাতার একটা মস্ত বড় ভার হয়। বাংলা দেশে কত পিতা কন্যাদায়ে প্রাণ দিয়াছেন, কত সংসার শ্মশান হইয়াছে—কত কন্যা আগুনে পুড়িয়া মরিয়াছে—কিন্তু এই পাপ প্রথা বন্ধ হয় নাই। নিজ নিজ স্বার্থকে প্রাধান্য দিয়া দেশের লোকেই সমাজের উপর, ব্যক্তির উপর এই পাষাণ চাপ চাপাইয়া রাখিয়াছে! জাতির জীবন নারী,—জীবনের মূল উৎসকে অবমাননা করিয়া জাতি ক্রমেই নির্বীর্য্য আশাহীন হইয়া পড়িতেছে। মেয়ের বিবাহ দিতেই হইবে—যেমন করিয়াই হোক ভিটা মাটি বিক্রয় করিয়াও তাহাকে পাত্রস্থ করিতেই হইবে—এই ধারণা সমাজ হইতে দূর করিতে হইবে। নারীকে নিজের চলিবার ক্ষমতা, আত্মরক্ষার ক্ষমতা, সাহস, বুদ্ধি, সবই এখন শিখিতে হইবে। কারণ দেশের যে রকম দিন কাল ক্রমশঃ পড়িতেছে তাহাতে দেখা যায়—পুরুষ কোন দিক দিয়াই নারীর মর্য্যাদা রাখিতে পারিতেছে না। বাংলার তরুণ যুবক সম্প্রদায়েরও কর্ত্তব্য—তাহারা কিছুতেই ভবিষ্যৎ জীবন-সঙ্গিনীর উপর ও তাহার পিতামাতার উপর এই করভার ন্যস্ত না করিয়া সম্মানের সঙ্গে হাসিমুখে জীবন-সঙ্গিনীকে গ্রহণ করিতে বদ্ধপরিকর হওয়া। নারী শিক্ষায় আত্মনির্ভরক্ষম যদি হইতে পারেন তবে সংসার এখনকার চেয়ে অনেক মধুর হইবে, সংসারের অভাব জ্বালাও কমিবে। ভবিষ্যদ্বংশীয়েরাও বুঝি মনুষ্যত্ব কিছু বেশী পাইবে। আপাত-দৃষ্টিতে এমন হইলে একটু সামাজিক বিক্ষোভ বিবেচিত হইতে পারে কিন্তু পরিণামে ফল শুভকর হইবে।

---

## জঙ্গিপুর দাতব্য চিকিৎসালয়ের ভারপ্রাপ্ত চিকিৎসকের

# দুর্নীতির জন্য জনসভা

গত ২৩শে মার্চ্চ সোমবার বৈকাল ৬ ঘটিকায় রঘুনাথগঞ্জ সদর ঘাটে স্থানীয় দাতব্য চিকিৎসালয়ের ভারপ্রাপ্ত চিকিৎসকের দুর্নীতিমূলক কার্য্যকলাপ ও দুর্ব্যবহারের আলোচনা ও প্রতিকারের জন্য এক জনসভা অনুষ্ঠিত হয়। সভায় প্রায় সহস্রাধিক লোক সমবেত হইয়াছিলেন। সভায় বিভিন্ন বক্তা নিজের জানা ঘটনার কথা উল্লেখ করেন। ইতিপূর্ব্বে উর্দ্ধতন কর্ত্তৃপক্ষের নিকট আবেদন নিবেদন ও অভিযোগ করে কোন সুফল বা বিন্দুমাত্র প্রতিকার হয় নাই। তাঁর দুর্ব্যবহার ক্রমশঃ বৃদ্ধি পাইতেছে। মুখের ভাষাও আপত্তিজনক। বিনা পয়সায় তিনি কথা কইতে রাজী হন না। তিনি ১৯৬২ সালের নভেম্বর মাসের শেষ দিকে এই হাসপাতালের কার্য্যভার গ্রহণ করেছেন। এখানে আসার পর হইতেই তাঁর গুণাবলী প্রকাশ পাইতেছে। তিনি এখানে আসার পূর্ব্বে চন্দননগরের মহকুমা হেল্‌থ অফিসার পদে কার্য্য করিতেন। চিকিৎসা বিষয়ে বিশেষ অভিজ্ঞ নহেন বলিয়া রোগী এলেই বলেন—এখন ত হবে না—আমি 'পোষ্টমর্টমে' যাচ্ছি। পোষ্টমর্টমের রিপোর্ট লিখতেও চৌধুরী-বাড়ী, ঠাকুর-বাড়ী দৌড়াদৌড়ি করতে দেখা গিয়েছে। টাকা লওয়ার অভিযোগে তাঁহার বিরুদ্ধে শ্রীভবানীচরণ হাজরা এক দরখাস্ত করায় জেলার হেল্‌থ অফিসার তদন্তে আসেন। ফলাফল জানা যায় নাই। ডাক্তার বাবুর কার্য্যকলাপের বিরুদ্ধে পুলিশ তদন্তও হইয়াছে; পশ্চিম বঙ্গের হেল্‌থ ডিরেক্টর শ্রীএন, সি, চট্টোপাধ্যায় জঙ্গিপুর এসে স্থানীয় মহকুমা শাসকের সঙ্গে সাক্ষাৎ করেন। তিনি হাসপাতালে যান নাই। মুর্শিদাবাদের চীফ মেডিক্যাল অফিসার অভিযোগকারীদের বলেন—এ রকম হ'য়েই থাকে এটা এমন নূতন কি? জেলার চীফ মেডিক্যাল অফিসার শ্রীচৌধুরী অভিনয় প্রিয় ব্যক্তি। ইহা তাঁহার কোন্ অভিনয়?

পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য-বিভাগের মন্ত্রী মাননীয়া শ্রীপূরবী মুখোপাধ্যায় মহাশয়াকে এই হাসপাতালের প্রত্যেক কর্ম্মীকে স্থানান্তরে বদলী করার জন্য অনুরোধ করিতেছি। এখানকার সব সমান—এমন কি চতুর্থ শ্রেণীর কর্ম্মীদের ব্যবহার পর্য্যন্ত আপত্তিজনক।

---

## পরিবার পরিকল্পনা শিক্ষণ শিবির

—০—

সাগরদীঘি ব্লকে গত ২০শে মার্চ্চ হইতে ২২শে মার্চ্চ পর্য্যন্ত তিনদিন ব্যাপী পরিবার পরিকল্পনা শিক্ষণ শিবিরের উদ্বোধন অনুষ্ঠান গত ২০শে মার্চ্চ সাগরদীঘি উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে অনুষ্ঠিত হয়। মুর্শিদাবাদের মুখ্যস্বাস্থ্য আধিকারিক ডাঃ রবীন্দ্রনাথ রায় চৌধুরী উক্ত শিক্ষা শিবিরের উদ্বোধন করেন। সাগরদীঘির বিভিন্ন গ্রাম হইতে ৬০ জন পুরুষ ও মহিলা শিক্ষার্থী উক্ত শিবিরে যোগদান করেন। উদ্বোধন অনুষ্ঠানে পশ্চিমবঙ্গের পরিবার পরিকল্পনা শিক্ষণের নেত্রী শ্রীমতী ভক্তি সেন এবং মুর্শিদাবাদ সমাচার সম্পাদক শ্রীকমল বন্দ্যোপাধ্যায় পরিবার পরিকল্পনা ও জনসংখ্যা বৃদ্ধি সম্পর্কে ভাষণ প্রদান করেন। উক্ত শিবিরে ডাঃ পশুপতি দাস, ডিষ্ট্রীক্ট হেল্‌থ অফিসার ডাঃ এস, গুপ্ত, ডাঃ বি, ঘোষ প্রভৃতি শিক্ষার্থীগণের সমক্ষে পরিবার পরিকল্পনা সম্পর্কে বক্তৃতা করেন।

---

## ট্রেণের সময় পরিবর্ত্তন

নিম্নের সময়ানুযায়ী ১লা এপ্রিল হইতে ৩০শে সেপ্টেম্বর, ১৯৬৪ পর্য্যন্ত ট্রেণ সমূহ জঙ্গিপুর রোড রেল ষ্টেশনে চলাচল করিবে।

আপ ট্রেণ ( বারহারোয়া অভিমুখে )

| | | | | |
|---|---|---|---|---|
| ৩৭৯নং কাঃ-বারহারোয়া | আসে | ৯-৩৪ | ছাড়ে | ৯-৪৪ |
| ৩৩৩নং হাওড়া-ফরক্কা | ,, | ১৫-১৩ | ,, | ১৫-২৩ |
| ৩৪৫নং হাওড়া-বারঃ | ,, | ২০-৫৫ | ,, | ২১-৫ |
| ৩৩১নং হাওড়া-গয়া | ,, | ১-০৭ | ,, | ১-১২ |
| ৩৪৭নং হাওড়া-ফরক্কা | ,, | ৪-১ | ,, | ৪-১১ |

ডাউন ট্রেণ ( হাওড়া অভিমুখে )

| | | | | |
|---|---|---|---|---|
| ৩৪৮নং ফরক্কা-হাওড়া | আসে | ১-০ | ছাড়ে | ১-১০ |
| ৩৪৬নং বারঃ-হাওড়া | ,, | ৫-৪৬ | ,, | ৫-৫৬ |
| ৩৩৪নং ফরক্কা-হাওড়া | ,, | ১২-২৬ | ,, | ১২-৩৬ |
| ৩৮০নং বারঃ-কাটোয়া | ,, | ১৬-১৩ | ,, | ১৬-২৩ |
| ৩৩২নং গয়া-হাওড়া | ,, | ১৯-৩৬ | ,, | ১৯-৪৬ |

## টেণ্ডার নোটিশ

এতদ্বারা বিড়ি সরবরাহকারী কন্ট্রাক্টার মহোদয়গণকে জ্ঞাত করা যাইতেছে যে আগামী ১৩৭১ সালের ১লা বৈশাখ হইতে এক বৎসরের জন্য কন্ট্রাক্ট সিষ্টেমে নূতন কারখানা খোলা হইবে। উক্ত কারখানা উক্তরূপে লইতে যাহারা ইচ্ছুক তাহাদের ৩০-১২-৭০ তারিখের মধ্যে আমাদের বিড়ি ব্যবসায়ীগণের নিকট নিজ নিজ টেণ্ডার দাখিল করিতে আহ্বান জানান যাইতেছে।

আহ্বায়ক—অরঙ্গাবাদ বিড়ি মার্চ্চেণ্টস্
এসোসিয়েসনের পক্ষে সেক্রেটারী—
তাং ১০-১২-৭০ শ্রীকানাইলাল শেঠী

## বিজ্ঞপ্তি

সাগরদীঘি থানার অন্তর্গত দেবগ্রাম নিবাসী শ্রীযুক্ত উমাপতি মুখোপাধ্যায় মহাশয় দেবগ্রাম প্রাইমারী বিদ্যালয়কে নিম্ন-বুনিয়াদী বিদ্যালয়ে রূপান্তরিত করার জন্য ২ একর জমি স্কুল বোর্ডকে দান করায় তাঁহার মতানুযায়ী দেবগ্রাম নিম্ন বুনিয়াদী বিদ্যালয়ের নাম পরিবর্ত্তন করিয়া দেবগ্রাম যোগেশচন্দ্র মেমোরিয়াল নিম্ন-বুনিয়াদী বিদ্যালয় করার প্রস্তাব গত ২৪-১-৬৪ তারিখের স্কুলের এক সভায় গৃহীত হইয়াছে। এ সম্বন্ধে কাহারও কোন আপত্তি থাকিলে ১৫ দিন মধ্যে রেজিষ্ট্রী ডাকযোগে নিম্নস্বাক্ষরকারীকে জানাইতে হইবে।

শ্রীশিবরঞ্জন মুখাজ্জি, সম্পাদক, দেবগ্রাম নিম্ন বুনিয়াদী বিদ্যালয়, পোঃ সাগরদীঘি, মুর্শিদাবাদ।

## আহার মাধুরী



মাসী-পিসী-খুড়ী-মায়ের রান্না খাইয়া যদুর পুষ্ট দেহ,
সে যদু যখন সহরে আসিয়া ঢুকিল সটান অফিস-গেহ,
সঙ্গে আসিল নব পরিণীতা ভার্য্যা তাহার কনকলতা,
তদবধি তিনি হ'লেন যদুর বাসার সুপার-ভীষণ-রতা।
উড়িয়া গোঁসাই জুড়িয়া বসিল কারবারে ঘরে গিন্নীপণা,
হাট ও বাজার রন্ধনশালে সে আজ যদুর আপন-জনা!
যে কোন রূপেতে বাটুয়ায় পূরি উপার্জ্জনের টঙ্কাগুলি,
রন্ধনে কোন বন্ধন নাই অবাধে চালায় বালি ও ধূলি।
যদু একদিন খেতে বসে' দেখে ভাতের ভিতর কাঁকর-মাটী,
কোনরূপে করে গলাধঃকরণ বেগুন, আলু ও মূলোর ঘাঁটী।
একদা সজনে ডাঁটা চিবাইতে চিবাইল যদু দাঁতন আধা,
ঘীয়ের বদলে কী যে ভাসেরে ডালের উপরে বর্ণ শাদা!
ফেনে ভাতে আজ শুকায়ে হয়েছে মরি মরি কিবা পোকা গাঁথা,
পালং শাকের ভিতর হইতে বাহির হইল দোক্তা পাতা!
সিন্নী পিয়াসী পীরের মতন গিন্নী বসিয়া গদীর পরে,
মধুর ভাবেতে যদুর নিত্য এবম্প্রকারে উদর ভরে!







বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর

সি, কে, সেনের

# আমলা কেশ

সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২





শীতে ব্যবহারোপযোগী

মৃতসঞ্জীবনী সুধা, মহাদ্রাক্ষারিষ্ট চ্যবনপ্রাশ

## ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও সাধনা ঔষধালয়ের প্রস্তুত

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—শ্রীননীগোপাল সেন, কবিরাজ

অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ ( সদরঘাট )



রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।



প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্ব্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

# আর্ট ইউনিয়ন

| সিটি সেলস অফিস | সেলস অফিস ও শোরুম |
|---|---|
| ৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-১ | ৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬ |
| টেলি: 'আর্ট ইউনিয়ন' কলিঃ | ফোন : ৫৫-৪৩৬৬ |





*আই, সি, আই পেইন্ট
*মেদিনীপুরের ভাল মাদুর
*যাবতীয় ঘানি, হলার ও ধান কলের পার্টস্
*ইমারতের যাবতীয় সরঞ্জাম।



বিক্রেতা:-

## কুণ্ডু হার্ডওয়্যার ষ্টোর
খাগড়া মুর্শিদাবাদ



**জঙ্গিপুর সংবাদ** সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২'২৫ নঃ পঃ অগ্রিম দেয়, নগদ মূল্য ০৬ নঃ পঃ।

বিজ্ঞাপনের হার—প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন। ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ ( মুর্শিদাবাদ )